দৈনিক ইত্তেফাক

৪

তারিখ ... 13 JUL 1996
পৃষ্ঠা ১২ কলাম ১

## সরকারী কলেজ শিক্ষক পরিষদের আহ্বান

জাতীয়কৃত কলেজ শিক্ষকদের আত্তীকরণ প্রসঙ্গে দেশের সর্বোচ্চ আদালতের সাম্প্রতিক রায়ের প্রেক্ষিতে মহল-বিশেষ কর্তৃক সরকারী কলেজ শিক্ষকদের মধ্যে বিভাজন সৃষ্টির নূতন গণতান্ত্রিক সরকারকে বিব্রতকর অবস্থায় ফেলার অনভিপ্রেত কর্মকাণ্ডে সরকারী কলেজ শিক্ষক পরিষদ গভীর উদ্বেগ প্রকাশ করিয়াছে। গতকাল শুক্রবার পরিষদের সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, শিক্ষা ক্যাডারের সদস্য মাত্রেরই উচিত উন্নত যে কোন সমস্যার বস্তুনিষ্ঠ সমাধানে সরকারকে সহযোগিতা করা—অনাবশ্যক বিভ্রান্তি সৃষ্টি করা নহে। পরিষদের সভাপতি আলী আকবর খানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন মফিজুর রহমান, শাহজাহান মিয়া, মতিউর রহমান, শবনম সুলতানা প্রমুখ অধ্যাপক। —প্রেস বিজ্ঞপ্তি